



## শারীরিক অবস্থার উন্নতি, দেশে ফিরতে পারেন মির্জা আব্বাস



ছবি: সংগৃহীত

ঢাকা-৮ আসনের সংসদ সদস্য ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা মির্জা আব্বাস আগের তুলনায় অনেকটাই সুস্থ আছেন বলে জানিয়েছেন রেলপথ মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ হাবিব।

রোববার (২১ জুন) নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে দেওয়া এক পোস্টে তিনি জানান, দেশবাসীর দোয়া ও শুভকামনায় মির্জা আব্বাসের শারীরিক অবস্থার উন্নতি হয়েছে। তার সুস্থতা কামনায় যারা দোয়া করেছেন, তাদের প্রতি কৃতজ্ঞতাও প্রকাশ করেছেন তিনি।

পোস্টে আরও বলা হয়, পূর্ণ সুস্থতা লাভ করে শিগগিরই জনগণের মাঝে ফিরে এসে দেশ ও জনগণের কল্যাণে নিজের দায়িত্ব পালন শুরু করবেন মির্জা আব্বাস। বিএনপির দলীয় সূত্রও জানিয়েছে, অচিরেই তার দেশে ফেরার সম্ভাবনা রয়েছে।

গত ১১ মার্চ ইফতারের সময় হঠাৎ অসুস্থ হয়ে পড়েন মির্জা আব্বাস। প্রথমে তাকে রাজধানীর একটি হাসপাতালে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি হলে ১৫ মার্চ এয়ার অ্যাম্বুলেন্সে সিঙ্গাপুরে নেওয়া হয়। এরপর ১৪ এপ্রিল উন্নত পুনর্বাসন ও ফিজিওথেরাপির জন্য তাকে মালয়েশিয়ায় স্থানান্তর করা হয়। বর্তমানে চিকিৎসকদের পরামর্শে তিনি বিশ্রামে রয়েছেন।